# বাংলাদেশ–ভারত সম্পর্কের উত্তেজনা প্রশমনের আহ্বান রাশিয়ার




সংগৃহীত ছবি

বাংলাদেশ ও ভারতের মধ্যকার বর্তমান টানাপোড়েন পরিস্থিতি শান্ত করার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেছেন ঢাকায় নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার গ্রিগোরিয়েভিচ খোজিন। তাঁর মতে, প্রতিবেশী দুই দেশের সম্পর্ক জটিল হলে তা পুরো অঞ্চলের জন্যই অস্বস্তিকর হয়ে উঠতে পারে।

সোমবার (২২ ডিসেম্বর) রাশিয়ান দূতাবাসে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি বলেন, চলমান উত্তেজনা আর বাড়তে দেওয়া উচিত নয়। দ্রুত সংলাপ ও পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে পরিস্থিতি স্বাভাবিক করার ওপর গুরুত্ব আরোপ করেন তিনি।

রুশ রাষ্ট্রদূত স্পষ্ট করেন, বাংলাদেশ ও ভারতের অভ্যন্তরীণ বা দ্বিপাক্ষিক বিষয়ে রাশিয়া কোনো পক্ষ নিতে চায় না। তবে সুসম্পর্ক বজায় রাখতে পারস্পরিক সম্মান, বিশ্বাস ও কূটনৈতিক যোগাযোগকে সবচেয়ে কার্যকর পথ হিসেবে উল্লেখ করেন তিনি।

এ ছাড়া আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণাকে ইতিবাচকভাবে দেখছে রাশিয়া। খোজিন আশা প্রকাশ করেন, নির্ধারিত সময় অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে এবং ভোটকে ঘিরে সার্বিক পরিস্থিতি শান্ত থাকবে।

নির্বাচন পর্যবেক্ষণ প্রসঙ্গে তিনি জানান, রাশিয়া নির্বাচন কমিশনের সঙ্গে যোগাযোগ অব্যাহত রেখেছে। প্রয়োজনীয় আনুষ্ঠানিক আমন্ত্রণ পেলে বাংলাদেশে পর্যবেক্ষক পাঠানোর বিষয়ে তারা প্রস্তুত রয়েছে।